গাছবাড়ি উইমেন্স কলেজ পরিদর্শনে কানাইঘাটের বিশিষ্টজন

চেম্বার ডেস্ক::

আজ ১২ ডিসেম্বর শনিবার গাছবাড়ি উইমেন্স কলেজ পরিদর্শন করেন কানাইঘাটের বেশ কয়েকজন বিশিষ্ট ব্যক্তিবর্গ। তাঁরা নতুন বছরে কলেজের সাফল্যময় অগ্রযাত্রার বিস্তারিত খোঁজ খবর নেন। কানাইঘাট তথা গাছবাড়ি অঞ্চলে মেয়েদের আলাদা ক্যাম্পাস নিয়ে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত একটি কলেজ প্রতিষ্টা খুবই সময় উপযোগী একটি পদক্ষেপ বলে তাঁরা উল্লেখ করেন।

কলেজ প্রতিষ্টায় যাঁরা মেধা, শ্রম এবং আর্থিক ভাবে উদ্যোগ নিয়েছেন তাঁদের সবাইকে ধন্যবাদ জানিয়েছেন। মানসম্পন্ন শিক্ষা সেবা প্রদানের মাধ্যমে ভালো শিক্ষা প্রতিষ্টান হিসেবে গাছবাড়ি উইমেন্স কলেজ সুনাম ধরে রাখার উপর তাঁরা সর্বাত্মক জোর দিয়েছেন।

কলেজ ক্যাম্পাসে অতিথিদেরকে স্বাগত জানান গাছবাড়ি উইমেন্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান ও সিলেট মেট্রোসিটি উইমেন্স কলেজের প্রিন্সিপাল আহমেদ সালেহ বিন মালিক।

পরিদর্শন দলে উপস্থিত ছিলেন কানাইঘাটের অন্যতম শিক্ষা গুরু ডিগ্রি কলেজের প্রফেসর লোকমান হোসেন, সিলেটে জজ কোর্টের এপিপি এডভোকেট ফখরুল ইসলাম, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার ও সাবেক ছাত্রনেতা এম ফজলুর রহমান, এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উর্ধতন কর্মকর্তা ও সাবেক ছাত্রনেতা জনাব তাজিম উদ্দিন।

পরিদর্শন শেষে কলেজের হল রুমে অতিথিরা চা চক্রে মিলিত হোন।

এদিকে কানাইঘাটের এ সকল বিশিষ্ট ব্যক্তিবর্গ গাছবাড়ি উইমেন্স কলেজ পরিদর্শনে আসায় কলেজের পরিচালনা পরিষদের পক্ষ থেকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানানো হয়েছে।

কলেজের বিশেষ সমন্বয়কারী ও শিক্ষা পরিচালক ইকবাল আহমদ চৌধুরী স্বাক্ষরিত এ বার্তায় কলেজের সামগ্রিক কার্যক্রম পরিচালনায়

অতিথিগণ সব সময় সহযোগিতা করবেন বলে দৃঢ় আশাবাদ ব্যক্ত করা হয়।